# বাজারদরের চেয়ে বেশি দামে যুক্তরাষ্ট্র থেকে গম কিনছে সরকার



ছবি: সংগৃহীত

দেশের খাদ্যশস্যের মজুত বজায় রাখতে যুক্তরাষ্ট্র ও সিঙ্গাপুর থেকে মোট ২ লাখ ৭০ হাজার মেট্রিক টন গম আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর মধ্যে যুক্তরাষ্ট্র থেকে ২ লাখ ২০ হাজার মেট্রিক টন এবং সিঙ্গাপুর থেকে ৫০ হাজার মেট্রিক টন গম কেনা হবে।

বুধবার (১ জুলাই) সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে দুটি পৃথক ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। এসব গম আমদানায় সরকারের সম্ভাব্য ব্যয় ধরা হয়েছে ১ হাজার ৫২ কোটি ৪০ লাখ ৯৪ হাজার টাকা।

খাদ্য মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, সরকার-টু-সরকার (জি-টু-জি) ব্যবস্থার আওতায় যুক্তরাষ্ট্র থেকে নিয়মিত গম সংগ্রহ করা হচ্ছে। এর আগে একই চুক্তির আওতায় একাধিক চালানে উল্লেখযোগ্য পরিমাণ গম দেশে এসেছে এবং চলতি বছরও এ প্রক্রিয়া অব্যাহত রয়েছে।

অন্যদিকে আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমেও বিভিন্ন দেশ থেকে গম সংগ্রহ করছে সরকার। বাজারদর, গুণগত মান ও সরবরাহ সক্ষমতা বিবেচনায় রাশিয়া, কানাডা, অস্ট্রেলিয়া, রোমানিয়া, ইউক্রেন, আর্জেন্টিনা ও কাজাখস্তানসহ বিভিন্ন দেশ থেকে গম আমদানি করা হয়।

তবে এবার যুক্তরাষ্ট্র থেকে গম কেনার মূল্য আন্তর্জাতিক বাজারদরের তুলনায় বেশি হওয়ায় বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট মহলে আলোচনা তৈরি হয়েছে।

LENS ASIA